ঈ ঔ ঘ ঝ ঢ ধ ভ ব হ। অধর, বহুপদ, ষট্‌পদ, ৪ প্রহর, স্ত্রী, শূদ্র, মধ্য বৃদ্ধা, শ্যাম, পীত, পৃষ্ঠ, ভুবনস্থ, মর্ত্য পাতাল, অসতী, অম্ল, দুর্গন্ধ, ঊর্দ্ধ, মধ্যফল, ব্যোম, উত্তর, চতুরক্ষর, যুগ্মাক্ষর, গুরুলঘু, সম, মধ্যছিদ্র, সন্ধি, বিয়োগদ, দীর্ঘ, ভবিষ্যৎ, পাতালস্থিত, আর্দ্র শুষ্ক, দ্বিচতুর্মাস, ক্ষত, নানাদ্রব্যসহিত, অঙ্গে নানাবর্ণসহিত, মধ্যবল, দন্যাস্ত্রী, প্রাবৃট, কৃষ্ণ।

উ ঊ অং অঃ ঙ ঞ ণ ন ম। মধ্য, মিশ্র, সন্ধ্যা, নপুং, অন্ত্যজ, বৃদ্ধ মৃত, কৃষ্ণ, রক্ত, পাদ, জ্যোতিষ্ক চন্দ্রসূর্য্যগ্রহণনক্ষত্রাদি, পাতাল, অন্যদেশান্তরিত অরণ্য বিদেশ, মধুর, স্থ-দুর্গন্ধ, অধঃ, অফল নিষ্ফল, তেজঃ, মধ্যদিক্, মধ্যম, সচ্ছিদ্র, ভয়ঙ্কর, পরাজয়, বিঘটনকর, অবিবাহদ, ত্রিকোণ, অলাভদ নাশকর, অশুভাদি, মধ্যম, পাতালস্থিত, শুষ্ক, বৎসরেফল, দগ্ধ, নষ্ট, শূন্য, মরণাক্ষর, দ্রব্য, মূল, নারকী, ক্রোধাক্ত, অবস্তুসংযুত, দুষ্ট, কাণ, খঞ্জ, কুব্জ, কুষ্ঠী, স্বরে শরৎ হলে শিশির, শুক্ল-কৃষ্ণ উভয়।

অ এ ক চ ট ত প য শ। দ্বিপদ, অক দেব, চট মর্ত্য, তপ পক্ষী, যশ রাক্ষসাদি। ১।৩ বর্গে। কল্পস্থ। নারায়ণাদি। ২।৪ বর্গে। ভবনস্থ। মন্মথাদি। ৫। বর্গে। জ্যোতিষ্ক। চন্দ্র-সূর্য্যগ্রহনক্ষত্রাদি। অ এ। কল্পবাসী। ই ও ভুবনবাসী। আ ঐ বায়ব্যান্তর পিশাচভূতাদি। ঈ ঐ। জ্যোতিষ্ক। গ্রহাদি। অধরাধর। নারক। য শ বর্গে নারক। য বর্গে। কর্ম্মজ। ক্ষেত্রপাল-দ্বারপালাদি। শ বর্গে। যোনিজঃ। প্রেতভূতযক্ষরাক্ষসাদি। উত্তরে—উত্তম। অধরে—অধম।

চট—মর্ত্ত্য। অক—ব্রাহ্মণ। চট ক্ষত্রিয়। তপ বৈশ্য। যশ শূদ্র। দগ্ধে অন্ত্যজ। ১ বর্গে—ব্রাহ্মণ। ২ বর্গে—ক্ষত্রিয়। ৩ বর্গে—বৈশ্য। ৪ বর্গে—শূদ্র। ৫ বর্গে—অন্ত্যজ। ১ বর্গে—বাল। ২ বর্গে—কুমার। ৩ বর্গে—যুবা। ৪ বর্গে—বৃদ্ধ মধ্য। ৫ বর্গে মৃত্যু বৃদ্ধ। ১।৩ বর্গে গৌর। ২।৪ বর্গে শ্যাম। ৫ বর্গে—কৃষ্ণ।

তপ পক্ষী। উত্তরে ভক্ষ। অধরে অভক্ষ। তবর্গে জলচর। প বর্গে স্থলচর। পঞ্চবর্গে বর্ণ শ্বেতাদি।

আ ঐ খ ছ ঠ থ ফ র ষ। চতুষ্পদ। আ ঐ খা খুরী। ছ ঠ নখী। খফ দন্তী। রষ শৃঙ্গী। আ ঐ খুরী গ্রাম্য। গোমহিশাশ্বমেষাদি। খ খুরী আরণ্য। শূকরাদি। ছ নখী গ্রাম্য। কুক্কুরমার্জ্জারাদি। ঠ নখী আরণ্য মর্কটভল্লুকব্যাঘ্রাদি। থ—দন্তী গ্রাম্য। হস্ত্যাদি। ফ দন্তী আরণ্য। শূকরাদি। র—শৃঙ্গী গ্রাম্য। গোমহিষাদি। ষ শৃঙ্গী আরণ্য। গবয়মৃগাদি। উত্তরে—ভক্ষ্য। অধরে—অভক্ষ্য।

ই ও গ জ ড দ ব ল স। অপদ। ই ও গ জ ড—জলচর। সর্পজলৌকা শঙ্খ শুক্তিক শম্বুক মৎস্যাদি। দবলস—স্থলচর। কেঞ্চুক কীটাদি। উত্তরে—ভক্ষ্য। অধরে—অভক্ষ্য। অচ ত য—অনিশ্চ। ক ট প শ—সলিল।

ইতি শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায় সঙ্কলিত ও প্রকাশিত ফলিতজ্যোতিষে
চন্দ্রোন্মীলনং সমাপ্তম্।

চিরপঞ্জিকা।

অথ বারানয়নম্।

স্বপাদযুক্তঃ শাকাব্দো মাসাঙ্কদিনসংযুতঃ।
দ্বিযুক্তঃ সপ্তভির্হীনো বারো ভবতি নান্যথা॥

মাসাঙ্কা যথা।

খনয়নরসনেত্রং শূন্যনেত্রেষুশূন্যম্।
বিধুকরযুগষট্কং মাসিকং স্যাদ্ ধ্রুবাঙ্কম্॥
যুগহরণসমাপ্তৌ বৎসরে সিংহ আশ্বে।
ধ্রুবমৃতুকরমিষ্টং শ্রীহরের্ব্বারবোধে॥

মাসাঙ্ক	
বৈশাখ	০
জ্যৈষ্ঠ	৩
আষাঢ়	৬
শ্রাবণ	৩
ভাদ্র	০
আশ্বিন	৩
কার্ত্তিক	৫
অগ্রহায়ণ	০
পৌষ	১
মাঘ	২
ফাল্গুন	৪
চৈত্র	৬

শকাব্দানুসারে বারগণনা।

যে শকাব্দার যে মাসের যে দিবসের বার জানিবার প্রয়োজন হইবে, সেই শকাব্দার অঙ্কসংখ্যার সহিত সেই শকাব্দার অঙ্কের চতুর্থাংশ যোগ করিয়া তাহাতে পার্শ্বের লিখিত মাসাঙ্ক এবং সেই মাসের দিন সংখ্যা এবং অতিরিক্ত ২ দুই যোগ করিয়া যে সমষ্টি হইবে, তাহাকে ৭ সপ্ত দ্বারা হরণ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তদ্দ্বারা বার জানা যাইবে। যথা এক অবশিষ্ট থাকিলে রবিবার দুই অবশিষ্ট থাকিলে সোমবার ইত্যাদি।

যদি শকাব্দার চতুর্থাংশ পূর্ণাঙ্ক না হইয়া ভগ্নাঙ্ক হয়, তাহা হইলে ভগ্নাঙ্কের পরিবর্ত্তে ১ এক ধরিয়া লইতে হয়। যেমন শকাব্দা ১৭৯৯ ইহার চতুর্থাংশ ৪৪৯৸ হয়, কিন্তু ঐ রূপ না ধরিয়া উহার পরিবর্ত্তে ৪৫০ ধরিতে হইবে। আর যে শকাব্দার চতুর্থাংশ ভগ্নাঙ্ক না হয়, সেই শকাব্দার কেবল, ভাদ্রের ৬ এবং আশ্বিনের ২ মাসাঙ্ক ধরিতে হইবে। নচেৎ পার্শ্বলিখিত ভাদ্র ও আশ্বিনের পুর্ব্বনির্দ্দিষ্ট মাসাঙ্ক যোগ দিলে মিলিবে না। এই গণনাতে যদি কদাচিৎ না মিলে তাহা হইলে এক বাদ দিলে নিশ্চয় মিলিবে।

উদাহরণ—১৭৯৯ শকাব্দার ৩১ চৈত্র কি বার হইবে? এস্থলে শকাব্দা সংখ্যা ১৭৯৯ তাহার চতুর্থাংশ ৪৫০ অতএব শকাব্দা ১৭৯৯+ও তাহার চতুর্থাং ৪৫০+ও মাসাঙ্ক ৬+ও দিনাঙ্ক ৩১+এবং অতিরিক্ত ২ এই সমুদায় যোগ করাতে ২২৮৮ হইল। ইহাকে ৭ সপ্ত দ্বারা হরণ করিলে ৬ ছয় অবশিষ্ট থাকিল। অতএব ছয় দ্বারা ১৭৯৯ শকের ৩১ চৈত্র শুক্রবার হইবে, জানা গেল।

সনের হিসাব গণনা।

শকাব্দার ন্যায় সনেতে সনের চতুর্থাংশ, উল্লিখিত মাসাঙ্ক, দিনাঙ্ক এবং অতিরিক্ত ২ যোগ করিবে, পরে পূর্ব্ববৎ প্রক্রিয়া করিলেই বার জানা যাইবেক। কিন্তু যে সনকে ৪ দ্বারা হরণ করিলে ১ মাত্র বাকী থাকে যেমন ১২৮১।৮৫ ইত্যাদি। সেই সনের ভাদ্রে ৬ আশ্বিনে ২ মাসাঙ্ক যোগ করিতে হইবে।

উদাহরণ—১২৮৪ সালের ৩১ চৈত্র কি বার জানিতে হইলে, সন১২৮৪ ও তাহার চতুর্থাংশ ৩২১ মাসাঙ্ক ৬ দিনাঙ্ক ৩১ অতিরিক্ত ২, সমুদায়ে ১৬৪৪, ইহাকে ৭ দ্বারা হরণ করিলে বাকি ৬ রহিল। অতএব ৬ শুক্রবার, উত্তর হইল।

ইংরাজী সালের বার গণনা।

মাসাঙ্ক
জা ০
ফি ৩
মার্চ্চ ৩
এপ্রে ৬
মে ১
জুন ৪
জুলাই ৬
আগ ২
সে ৫
আক্ ০
নবম্বর ৩
ডি ৫

ইংরাজী সালের সংখ্যাতে তাহার চতুর্থাংশ, এবং পার্শ্ব লিখিত মাসাঙ্ক, দিনাঙ্ক, এবং অতিরিক্ত ৬ অঙ্ক, যোগ করিলে যাহা হয়, তাহাকে ৭ সপ্ত দ্বারা হরণ করিলে যাহা অবশিষ্ট থাকে, তাহাতে রবিবার হইতে গণনা করিয়া যে বার হয়, সেই বার। ইংরাজী যে বৎসরকে ৪ দ্বারা হরণ করিলে কিছুই অবশিষ্ট না থাকে, সেই বৎসর ফিব্রুয়ারি মাস লিপ্ ইয়ার হয়, অর্থাৎ এক দিন বাড়ে। উক্ত লিপ্ ইয়ার বৎসর মার্চ্চ হইতে ডিসেম্বর পর্য্যন্ত দশমাসে অতিরিক্ত ৬ যোগ করিতে হইবে না।

উদাহরণ—ইংরাজী ১৮৭৭ সালের ২৭ মার্চ্চ কি বার হইবে?

উত্তর—১৮৭৭ আর পূর্ব্বোক্ত নিয়মে তাহার চতুর্থাংশ ৪৭০ আর মাসাঙ্ক ৩, দিনাঙ্ক ২৭ অতিরিক্ত ৬ এই সমুদায় যোগ করিয়া ২৩৮৩ হইল। উহাকে ৭ দিয়া হরণ করিলে অবশিষ্ট ৩ থাকিল। অতএব ঐ দিন তিনে মঙ্গলবার জানা গেল।

অথ তিথিগণনা।

ঊনবিংশাবশিষ্টং হি শাকং রুদ্রেণ পূরয়েৎ।
ষড়্যুতো দিনমাসাঙ্কস্ত্রিংশদ্ধীনস্তিথির্ভবেৎ ॥
০ ১ ৩ ৫ ৭ ৯ ১০ ১০ ৯ ৯
খ বিধু দৃগিষুরাব্ধিঃ খেট দিগ্ দিগ্ গ্রহাঙ্কং
দশ দশ চ তিথিজ্ঞামাঞ্রবং শ্রীহরীষ্টম্ ॥

মাসাঙ্ক
বৈশাখ ০
জ্যৈষ্ঠ ১
আষাঢ় ৩
শ্রাবণ ৫
ভাদ্র ৭
আশ্বিন ৯
কার্ত্তিক ১০
অগ্রহায়ণ ১০
পৌষ ৯
মাঘ ৯
ফাল্ গুণ ১০
চৈত্র ১০

শকাব্দার সংখ্যাকে ১৯ দ্বার হরণ করিলে যাহা অবশিষ্ট থাকিবে তাহাকে ১১ দ্বারা পুরণ করিলে যাহা হয়, তাহাতে মাসাঙ্ক, দিনসংখ্যা, এবং অতিরিক্ত ৬ যোগ করিয়া ৩০ দ্বারা হরণ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, সেই অঙ্কে যে তিথি হয় তদ্দিবসে সেই তিথি জানিবে।* যথা, ১৭৯৯ শকের ১৪ই চৈত্র কি তিথি? এস্থলে ১৭৯৯কে ১৯ দ্বারা হরণ করিলে ১৩ অবশিষ্ট থাকিবে, উক্ত তেরকে ১১ এগার দ্বারা পূরণ করিলে ১৪৩ হইল। ঐ ১৪৩ আর অতিরিক্ত ৬ চৈত্রের মাসাঙ্ক ১০ দিনাঙ্ক ২৪, এই সকলকে একত্রে যোগ করিলে ১৮৩ হইল। ঐ ১৮৩কে ৩০ দ্বারা হরণ করিলে ৩ অবশিষ্ট রহিল পরে ঐ ৩ অঙ্কে শুক্ল পক্ষের তৃতীয়া জানা গেল।

অন্য মতে তিথি গণনা।

বৈশাখ ০
জৈষ্ঠ্য ১
আষাঢ় ৪
শ্রাবণ ৬
ভাদ্র ৮
আশ্বিন ১০
কার্ত্তিক ১০
অগ্রহায়ণ ১০
পৌষ ১০
মাঘ ১০
ফাল্গুণ ১০
চৈত্র ১০

যে মাসের যে তারিখের তিথি জানিতে হইবেক, সেই মাসের দিন সঙ্খ্যার সহিত পূর্ব্বের লিখিত মাসাঙ্ক যোগ করিয়া যে সংখ্যা হয়, তাহাতে (যে বর্ষের তিথি গণনা করিতে হইবে) সেই বর্ষের বৈশাখের প্রথম দিনে যে তিথি হইবে, সেই তিথির অঙ্ক যোগ করিলে যে অঙ্ক সংখ্যা হইবে, তাহাকে ৩১ দ্বারা হরণ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, সেই তিথি জানিবে।

উদাহরণ সন ১২৮৪ সালের ২ জ্যৈষ্ঠ কোন্ তিথি? এস্থলে ঐ মাসের ২ সংখ্যা

---

* এইরূপ গণনাতে যদি যথার্থ না মিলে তাহা হইলে মাসের প্রথমে হইলে ১ বাদ ও শেষ হইলে ১ যোগ দিতে হয়।

ও পার্শ্বের লিখিত জ্যৈষ্ঠ মাসের মাসাঙ্ক ১ এবং ১২৮৪ সালের ১ বৈশাখের তিথির অঙ্ক ২৯ এই সমুদয়কে যোগ করিলে ৩২ হইল। ইহাকে ৩১ দ্বারা হরণ করিলে অবশিষ্ট এক থাকে, অতএব ঐ অঙ্কে প্রতিপদ্ তিথি জানাগেল।

তিথিগণনা।

খনা।

খালি ছাগলা ব্লষে চাঁদা। মিথুনে পুরিয়া বেদা।
সিংহে বসু কর্কি রসে। আর সব পুরিবে দশে।

নক্ষত্র গণনা।

১ ৩ ৫ ৭ ১০ ১২
ক্ষিতি ত্রি বাণাশ্ব হরিদ্ দিনেশং
১৪ ১৫ ১৯
চতুর্দ্দশং পঞ্চদশোনবিংশং।
২১ ২৩ ২৫
তথৈকবিংশং ত্রয়পঞ্চবিংশং
চান্দ্রং ধ্রুবাঙ্কং তিথিযুক্তমৃক্ষং॥

মাসাঙ্ক	
বৈশাখ	১
জ্যৈষ্ঠ	৩
আষাঢ়	৫
শ্রাবণ	৭
ভাদ্র	১০
আশ্বিন	১২
কার্ত্তিক	১৪
অগ্রহায়ণ	১৫
পৌষ	১৯
মাঘ	২১
ফাল্গুন	২৩
চৈত্র	২৫

তিথি গণনা দ্বারা তদ্দিবসের তিথি জ্ঞাত হইয়া সেই তিথিতে পার্শ্বে লিখিত মাসাঙ্ক যোগ করিলে যদি ২৭ অপেক্ষা অঙ্ক অধিক হয় তবে ২৭ বাদ দিলে বাকী যাহা থাকে, সেই অঙ্কে যে নক্ষত্র হয়, তাহাই উত্তর। ইহাতে যদি যথার্থ না মিলে তবে মাসের পূর্ব্বার্দ্ধে হইলে ১ যোগ এবং পরার্দ্ধে হইলে ১ বাদ দিলে ঠিক মিলিবে কিন্তু সেই দিনের যে সংখ্যা তদপেক্ষা সেই দিনের তিথির অঙ্ক যদি অধিক হয়, তাহা হইলে সে মাসের মাসাঙ্ক যোগ না করিয়া তাহার পূর্ব্ব মাসের মাসাঙ্ক তাহাতে যোগ করিবে। * যদি এইরূপ বৈশাখে ঘটে তাহা হইলে চৈত্রের মাসাঙ্ক যোগ করিবে।

উদাহরণ ১৭৯৯ শকাব্দের ২৭ পৌষ কি নক্ষত্র? এস্থলে তিথি গণনা দ্বারা উক্ত দিবসে ৭ সপ্তমী তিথি জানিয়া তাহাতে পৌষের মাসাঙ্ক ১৯ যোগ করিলে ২৬ হইল এবং ঐ২৬ শে উত্তর ভাদ্রপদ্ নক্ষত্র জানা গেল।

রাশিজ্ঞান।

তদ্দিবসের নক্ষত্রকে ৪ দ্বারা পূরণ করিয়া ৯ দ্বারা হরণ করিলে যদি কিছু অবশিষ্ট থাকে তাহা হইলে হরণ ফলে এক যোগ করিলে যাহা হয় নিম্নলিখিত সেই অঙ্কে যে রাশি তাহাই উত্তর এবং সেই রাশিতে চন্দ্র থাকেন।

রাশি যথা।—১ মেষ, ২ ব্লষ, ৩ মিথুন, ৪ কর্কট, ৫ সিংহ, ৬ কন্যা, ৭ তুলা, ৮ ব্লশ্চিক, ৯ ধনু, ১০ মকর, ১১ কুম্ভ, ১২ মীন।

উদাহরণ যথা—১৭৯৯ শকের ১৮ চৈত্র যাহার জন্ম হইয়াছে, তাহার কি রাশি। পূর্ব্বে নক্ষত্র গণনা দ্বারা উক্ত দিবসে ২৩ ধনিষ্ঠা নক্ষত্র জানা গিয়াছে। পরে ২৩ কে ৪ দ্বারা পূরণ করিলে ৯২ হইল, এবং ঐ ৯২কে ৯ দ্বারা হরণ করিলে ১০ ফল হইল। এবং ২ বাকি রহিল বলিয়া ঐ ১০তে ১ যোগ দিলে ১১ হইল এবং ১১তে কুম্ভরাশি জানা গেল।

---

* ১৭৯৯ শকের ১৫ মাঘ কি নক্ষত্র? এখানেও উক্ত প্রকারে ১৫ মাঘে ২৪ নবমী তিথি জানাগেল। কিন্তু এস্থলে দিনসংখ্যা ১৫ অপেক্ষা তিথির সংখ্যা (২৪) অধিক হইয়াছে অতএব এস্থলে মাঘের মাসাঙ্ক না দিয়া তৎপূর্ব্বস্থ পৌষের মাসাঙ্ক ১৯ ঐ ২৪ সহিত যোগ করিলে ৪৩ হইল এবং ২৭ বাদ দিলে ১৬ বাকী রহিল। অতএব ১৬ তে বিশাখা নক্ষত্র জানা গেল।

নষ্টকোষ্ঠী উদ্ধার।

নষ্টকোষ্ঠী।

শঙ্কুচ্ছায়াদিভির্লগ্নং যত্নাৎ ভাগত্রয়ং চরেৎ।
ক্রমাল্লগ্নে পঞ্চমে বা ধর্ম্মে বা স্থাপয়েদ্ গুরুম্॥
প্রশ্নাব্দীয় গুরুং যাবদ্ গণয়েৎ স্থাপিতাদ্ গুরোঃ।
লব্ধং বয়োঽনুমানেন ত্যক্ত্বা শাকাচ্ছকং বদেৎ॥
লগ্নত্রিকোণেষু গুরুস্ত্রিভাগৈ-
র্বিকল্প্য বর্ষাণি বয়োঽনুমানাৎ॥

তত্রাদৌ শঙ্কুচ্ছায়াদিভিঃ প্রশ্নলগ্নং সূক্ষ্মতরং কর্ত্তব্যম্। প্রশ্নলগ্ন ভাগত্রয়ং কার্য্যম্। যদি প্রথম ভাগে প্রশ্নস্তদা তত্রৈব লগ্নে গুরুং, যদি দ্বিতীয় ভাগে প্রশ্নস্তদা তৎপঞ্চমে গুরুং, যদি তৃতীয়াংশে প্রশ্নস্তদা নবমে গুরুং সংস্থাপ্য তস্মাৎ প্রশ্নাব্দীয়-গুরুং যাবৎ গণয়েৎ। তৎসংখ্যকং বয়োবর্ষং বদেৎ। তদসম্ভবে বয়োঽনুমানাৎ দ্বাদশসঙ্খ্যামেকবারমধিকবারং বা তদঙ্কে যথাসম্ভবং যোজয়িত্বা বর্ত্তমানশাকাৎ দূরীকৃত্য জন্মশাকং বদেৎ।

শঙ্কুচ্ছায়া পাদচ্ছায়া বা ঘটিকাযন্ত্র প্রভৃতি দ্বারা প্রশ্নকালীন লগ্ন নিরূপণ করিয়া ঐ লগ্নকে তিন ভাগে বিভক্ত করিবে। যদি প্রথম দ্রেক্কাণে প্রশ্ন হয়, তাহা হইলে গুরুকে লগ্নে স্থাপন করিবে, যদি দ্বিতীয় দ্রেক্কাণে প্রশ্ন হয়, তাহা হইলে গুরুকে পঞ্চম গৃহে স্থাপন করিতে হইবে। যদি তৃতীয় দ্রেক্কাণে প্রশ্ন হয়, তাহা হইলে গুরুকে নবম রাশিতে স্থাপন করিবে। এবং এরূপ কল্পনা করিয়া লইবে যে প্রশ্নকর্ত্তার জন্মকালে গুরু ঐ রাশিতে ছিলেন। পরে প্রশ্নাব্দে গুরু যে গৃহে অবস্থান করিতেছেন, সেই গুরু প্রশ্নলগ্নানুসারে স্থাপিত গুরু অর্থাৎ কল্পিত জন্মকালীন গুরুর স্থিতিস্থান হইতে কত অন্তরে আছেন, তাহা গণনা করিয়া যাহা লব্ধ হইবে, তাহাই প্রশ্নকর্ত্তার বয়ঃক্রম স্থির করিবে। পরে বয়স অনুমান করিয়া দেখিবে যদি ১২ বৎসরের অধিক ২৪ বৎসরের মধ্যে বয়ঃক্রম হয় তাহা হইলে উহাতে ১২ যোগ করিয়া বয়স বলিবে। যদি ২৫ বৎসর হইতে ৩৬ বৎসর পর্য্যন্ত বয়ঃক্রম অনুমান হয় তাহা হইলে উহাতে ২৪ যোগ করিবে, যদি ৩৭ বৎসর হইতে ৪৮ বৎসর পর্য্যন্ত বয়স অনুমিত হয় তাহা হইলে উহাতে ৩৬ যোগ করিবে। যদি ৪৯ বৎসর হইতে ৬০ বৎসর পর্য্যন্ত বয়স অনুমান হয়, তাহা হইলে উহাতে ৪৮ যোগ করিবে।

পরে বয়ঃক্রম স্থির হইলে তাহা বর্ত্তমান শক হইতে হীন করিয়া যাহা অবশিষ্ট থাকিবে তাহাই জন্মকালীন শক স্থির হইবে।

কেহ কেহ এইরূপে গণনা করেন যে, প্রশ্নলগ্নকে দ্বাদশ অংশে বিভক্ত করিয়া কোন্ অংশে প্রশ্ন হইয়াছে, সূক্ষ্মরূপে স্থির করিবে। যদি প্রথম অংশে প্রশ্ন হইয়া থাকে তাহা হইলে বৃহস্পতিকে জন্মলগ্নে স্থাপন করিবে। যদি লগ্নের দ্বিতীয় অংশে প্রশ্ন হইয়া থাকে তাহা হইলে প্রশ্নকর্ত্তার জন্মকালে বৃহস্পতি জন্মলগ্ন হইতে দ্বিতীয় গৃহে ছিলেন। এইরূপ যদি প্রশ্ন লগ্নের তৃতীয় চতুর্থ পঞ্চম, ষষ্ঠ, সপ্তম, অষ্টম, নবম, দশম, একাদশ বা দ্বাদশ অংশে বৃহস্পতি থাকেন, তাহা হইলে প্রশ্নকর্ত্তার জন্মকালে বৃহস্পতি জন্মলগ্ন হইতে তৃতীয়, চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ, সপ্তম, অষ্টম, নবম, দশম, একাদশ বা দ্বাদশ গৃহে ছিলেন, স্থির হইবে। পরে পূর্ব্বকথিত প্রক্রিয়া দ্বারা জন্মশক আনয়ন করিবে।

অন্যপ্রকার শকজ্ঞান।

প্রথমতঃ ব্যক্তির আকৃতি দেখিয়া অনুমান দ্বারা

বয়ঃক্রম যত দূর স্থির করিতে পার কর। পরে উক্ত অনুমিত বয়োবৎসরকে ২ দ্বারা পূরণ করিয়া ৫ দ্বারা হরণ করিলে যে ভাগফল হয়, তাহাকে বর্ত্তমান বর্ষীয় শনি হইতে দক্ষিণাবর্ত্তে গুণিলে যে রাশিতে ফুরায়, ব্যক্তির কোষ্ঠিতে সেই রাশিতে শনির স্থিতি প্রথমতঃ নিরূপণ করিতে হইবে। *

পরে উল্লিখিত শনির স্থিতি, বর্ত্তমান বর্ষীয় শনি হইতে যত রাশি অন্তর হইবে, তাহাকে ৫ দ্বারা পূরণ করিয়া ৩ তিন দ্বারা হরণ করিলে যত ভাগফল হয়, বর্ত্তমান বর্ষীয় রাহু হইতে তত রাশি অন্তরে উক্ত ব্যক্তির কোষ্ঠীতে কেতুর স্থিতি এবং কেতু হইতে সপ্তম রাশিতে রাহুর স্থিতি নিশ্চয় করিয়া বর্ত্তমান বর্ষীয় রাহু হইতে (১২ বাদ দিবার পূর্ব্বে) জন্ম কালীন কেতুর স্থিতি যত রাশি অন্তর তাহা ৩ তিন দ্বারা পূরণ করিয়া ২ দুই দ্বারা হরণ করিলে যত ভাগফল হয় বর্ত্তমান বর্ষীয় বৃহস্পতি হইতে তত রাশি অন্তরে বৃহস্পতির স্থিতি জানিবে। তৎপর বর্ত্তমান বর্ষীয় বৃহস্পতি হইতে (১২ বাদ দিবার পূর্ব্বে যত রাশি অন্তরে জন্মকালীন বৃহস্পতির স্থিতি হইবেক, ব্যক্তির তত বৎসর বয়ঃক্রম জানিবে, এবং বর্ত্তমান শক হইতে তাহাকে বাদ দিয়া এক যোগ করিলে জন্ম শক স্থির হইবে।

অয়ন জ্ঞান।

আধানজন্মাপরিবোধকালে সংপৃচ্ছতো জন্ম বদেদ্বিলগ্নাৎ।
পূর্ব্বাপরার্দ্ধে ভবনস্য বিদ্যাদ্ভানাবুদগ্দক্ষিণগে প্রসূতিম্॥১॥

প্রশ্ন লগ্নকে দুই ভাগ করিয়া দেখিবে যে, লগ্নের কোন্ ভাগে অর্থাৎ কোন্ হোরায় প্রশ্ন হইয়াছে। যদি লগ্নের প্রথম হোরায় প্রশ্ন হইয়া থাকে, তাহা হইলে উত্তরায়ণে অর্থাৎ মাঘাদি ছয় মাসের মধ্যে জন্ম হইয়াছে, নিশ্চয় করিবে। যদি দ্বিতীয় হোরায় প্রশ্ন হয়, তাহা হইলে দক্ষিণায়নে অর্থাৎ শ্রাবণ প্রভৃতি ছয় মাসের মধ্যে জন্ম নিরূপণ করিবে।

ঋতুজ্ঞান।

ঋতুর্ব্বাচ্যা দৃকাণাংশে লগ্নসংস্থেঽপি বা গ্রহে।
শনি শুক্র কুজেন্দুজ্ঞগুরবঃ শিশিরাদিষু॥
৭ ৬ ৩ ২ ৪ ৫
শিশির বসন্ত গ্রীষ্ম বর্ষা শরৎ হেমন্তাঃ।
ভবন্তি কাল বলিনো গ্রীষ্মে সূর্য্যস্তথৈব চ।

কোন্ ঋতুতে জন্ম হইয়াছে, তাহা জানিবার আবশ্যক হইলে প্রশ্নলগ্নে কোন্ গ্রহ আছেন দেখিতে হইবে। যদি প্রশ্ন লগ্নে কোন গ্রহ না থাকেন, তাহা হইলে সেই দ্রেকাণের অধিপতি কোন্ গ্রহ তাঁহা দেখিবে। যদি লগ্নে একাধিক গ্রহ থাকেন, তাহা হইলে যে গ্রহ বলবান্ সেই গ্রহকেই অবলম্বন করিবে। যদি রবি বা মঙ্গল থাকেন, তাহা হইলে গ্রীষ্ম ঋতুতে জন্ম হইয়াছে, স্থির করিবে। যদি চন্দ্র থাকেন, তাহা হইলে বর্ষাঋতুতে, যদি বুধ থাকেন, তাহা হইলে শরৎ ঋতুতে, যদি বৃহস্পতি থাকেন, তাহা হইলে হেমন্ত ঋতুতে, যদি শুক্র থাকেন, তাহা হইলে বসন্ত ঋতুতে যদি শনি থাকেন, তাহা হইলে শিশির ঋতুতে জন্ম হইয়াছে, নির্ণয় করিবে।

এস্থলে মাঘ ফাল্গুণ শিশির, চৈত্র বৈশাখ বসন্ত, জ্যৈষ্ঠ আষাঢ় গ্রীষ্ম, শ্রাবণ ভাদ্র বর্ষা, আশ্বিন কার্ত্তিক শরৎ, অগ্রহায়ণ পৌষ হেমন্ত, ধরিয়া গণনা করিতে হইবে।

চন্দ্রজ্ঞজীবাঃ পরিবর্ত্তনীয়াঃ শুক্রারমন্দৈরয়নে বিলোমে।
দ্রেকাণভাগে প্রথমে তু পূর্ব্বো মাসোঽনুপাতাচ্চ তিথির্ব্বিকল্প্যাঃ।

যদি ঋতু ও অয়নের পরস্পর বিরোধ হয় অর্থাৎ উত্তরায়ণে মাঘাদি ছয় মাস মধ্যে বর্ষা শরৎ প্রভৃতি ঋতু এবং দক্ষিণায়নে শ্রাবণাদি ছয় মাস মধ্যে শিশির প্রভৃতি ঋতুর উপস্থিতি হয়, তাহা হইলে অসম্ভব হেতু চন্দ্রের সহিত শুক্র, বুধের সহিত মঙ্গল এবং বৃহস্পতির সহিত শনি পরিবর্ত্ত করিয়া লইতে হইবে। তাহাতে বসন্তের

---

* হরণফল যদি ১২ অপেক্ষা অধিক হয় তাহা হইলে ১২ ভাগ করিয়া গুণিতে হয়।

সহিত বর্ষা, শরতের সহিত গ্রীষ্ম, হেমন্তের সহিত শিশির পরিবর্ত্তিত করিতে হইবে।

যথা।

উত্তরায়ণ।

চন্দ্র, বর্ষা	শুক্র, বসন্ত
বুধ, শরৎ	রবি, মঙ্গল, গ্রীষ্ম
গুরু, হেমন্ত	শনি, শিশির

দক্ষিণায়ন।

শুক্র, বসন্ত	চন্দ্র, বর্ষা
রবি, মঙ্গল, গ্রীষ্ম	বুধ, শরৎ
শনি, শিশির	গুরু, হেমন্ত

মাসজ্ঞান।

ষড়্‌ভাগমাচার্য্য তদর্দ্ধলগ্নং
বদেত্তু মাসং তদনুক্রমেণ।

লগ্নস্য প্রথমহোরায়াং প্রশ্নশ্চেৎ ষড়ভাগাৎ মাঘাদি ষট্‌কং দ্বিতীয়হোরায়াং চেৎ শ্রাবণাদি ষট্‌কমিত্যর্থঃ।

যদি তৎকাললগ্নদ্রেক্কাণস্য পূর্ব্বার্দ্ধে, প্রশ্নস্তদা জাত ঋতৌ পূর্ব্বমাসঃ। পরার্দ্ধে পরমাসঃ।

পরে ঐ হোরা অর্থাৎ লগ্নার্দ্ধকে ছয় ভাগ করিয়া সূক্ষ্ম গণনা দ্বারা দেখিবে যে, কোন্ অংশে জন্ম হইয়াছে। যদি প্রথম হোরার প্রথম অংশে জন্ম হইয়া থাকে, তাহা হইলে মাঘ মাসে জন্ম হইয়াছে। যদি দ্বিতীয় অংশে প্রশ্ন হইয়া থাকে, তাহা হইলে ফাল্‌গুন মাসে, যদি তৃতীয় অংশে প্রশ্ন হইয়া থাকে, চৈত্র, যদি চতুর্থ অংশে প্রশ্ন হইয়া থাকে, তাহা হইলে বৈশাখ, যদি পঞ্চম অংশে প্রশ্ন হইয়া থাকে তাহা হইলে জ্যৈষ্ঠ মাসে, যদি ষষ্ঠ অংশে প্রশ্ন হইয়া থাকে, তাহা হইলে আষাঢ় মাসে জন্ম হইয়াছে, স্থির করিবে। এই রূপ দ্বিতীয় হোরাকেও ছয় ভাগ করিয়া কোন্ ভাগে প্রশ্ন হইয়াছে, দেখিয়া ক্রমান্বয়ে ছয় অংশে শ্রাবণাদি ছয় মাসে জন্ম স্থির করিবে।

মাস জানিতে হইলে দ্রেক্কাণকে দুই ভাগ করিয়া দেখিবে, যদি পূর্ব্বভাগে প্রশ্ন হইয়া থাকে, তাহা হইলে জন্ম ঋতুর অন্তর্গত দুই মাসের মধ্যে প্রথম মাসে জন্ম হইয়াছে, স্থির করিবে। যদি দ্রেক্কাণের শেষার্দ্ধে প্রশ্ন হইয়া থাকে, তাহা হইলে জন্ম ঋতুর অন্তর্গত দুই মাসের মধ্যে শেষ মাসে জন্ম হইয়াছে, স্থির করিবে।

মতান্তরে মাস জ্ঞান।

তিথৌ তিথিং খণ্ডয়িত্বা জন্মভং তত্র মিশ্রয়েৎ।
কৃষ্ণে প্রথমতো জ্ঞেয়ঃ শুক্লপক্ষে তু সপ্তমাৎ॥ ১॥ মাসঃ।

শুক্ল পক্ষের বা কৃষ্ণ পক্ষের যে তিথিতে জন্ম হইয়াছে, উভয় পক্ষের প্রতিপৎ হইতে গণনা করিয়া সেই তিথির অঙ্ক তিথ্যঙ্ক অর্থাৎ ১৫ পঞ্চদশ হইতে বিয়োগ করিয়া যাহা অবশিষ্ট থাকিবে, তাহার সহিত জন্ম নক্ষত্র যোগ করিবে। যদি কৃষ্ণপক্ষে জন্ম হইয়া থাকে, তাহা হইলে ঐ অঙ্ক দ্বারা যে নক্ষত্র হয়, সেই নক্ষত্রে যে রাশি হইতে পারে, সেই রাশিতে সূর্য্য গমন করিলে যে মাস হইতে পারে, সেই মাসে জন্ম হইয়াছে। যদি শুক্ল পক্ষে জন্ম হইয়া থাকে, তাহা হইলে ঐ রাশি বা মাস হইতে ৭ সপ্তম মাসে জন্ম হইয়াছে, স্থির করিবে।

অন্যপ্রকার।

মাস	
বৈ	২৬।০।১
জ্যৈ	২।৩
আ	৪।৫
শ্রা	৬।৭
ভা	৮।৯।১০
আ	১১।১২
কা	১৩।১৪
অ	১৫।১৬।১৭
পৌ	১৮।১৯
মা	২০।২১
ফা	২২।২৩
চৈত্র	২৪।২৫

জন্ম নক্ষত্র হইতে জন্ম তিথির অঙ্ক বাদ দিয়া যাহা অবশিষ্ট থাকিবে, সেই অঙ্ক পার্শ্ব লিখিত চক্রের যে মাসে লিখিত আছে, সেই মাসে জন্ম হইয়াছে, নির্ণয় করিবে। যদি জন্ম নক্ষত্রাঙ্ক অপেক্ষা জন্ম তিথির অঙ্ক বেশি হয়, তবে জন্ম নক্ষত্রে ২৭ যোগ দিতে হইবে, যথা কোন ব্যক্তির জন্ম তিথি যদি শুক্ল প্রতিপৎ ১ হয় এবং জন্ম নক্ষত্রও অশ্বিনী ১ হয়, তাহা হইলে কোন্ মাসে তাহার জন্ম হইয়াছে? এস্থলে জন্ম তিথি ১ হইতে জন্ম নক্ষত্র ১ বাদ দিলে বাকী ০ রহিল। পার্শ্বে লিখিত চক্রে বৈশাখ মাসে ঐ শূন্য লিখিত আছে। অতএব বৈশাখ মাসে তাহার জন্ম হইয়াছে, জানাগেল। এইরূপ গণনাতে যদি না মিলে তবে নিম্ন লিখিত প্রক্রিয়া দ্বারা নিশ্চয় জানা যাইবে। যথা, জন্ম তিথির সংখ্যাকে ১৫ হইতে বাদ দিলে, যাহা অবশিষ্ট থা[illegible] তাহাতে জন্ম নক্ষত্র যোগ করিয়া (২৭ এর অধিক হই[illegible]

বাদ দিতে হইবে) তাহাকে ৪ দ্বারা পূরণ করিয়া ৯ দিয়া বিভাগ করিয়া যদি কিছু অবশিষ্ট থাকে, তাহা হইলে হরণফলে ১ যোগ করিয়া দিবে, যে ফল হইবে সেই অঙ্ক একাদিক্রমে বৈশাখ মাস হইতে গুণিলে যে মাসে শেষ হইবে, যদি কৃষ্ণ পক্ষে জন্ম হইয়া থাকে, তাহা হইলে সেই মাসে তাহার জন্ম জানা যাইবে। যদি শুক্ল পক্ষে জন্ম হইয়া থাকে, তাহা হইলে সেই অঙ্কে ৬ যোগ করিয়া (১২ র অধিক হইলে ১২ বারো পরিত্যাগ করিয়া অবশিষ্ট যাহা থাকিবে) সেই অঙ্ক বৈশাখ হইতে গুণিলে যে মাসে শেষ হয়, তাহাই তাহার জন্ম মাস। যথা যদি কোন ব্যক্তির জন্মতিথি ৬ষ্ঠী এবং জন্ম নক্ষত্র ৬ আর্দ্রা হয়, তাহা হইলে কি মাসে জন্ম? এস্থলে ১৫ হইতে জন্ম তিথি ৬ বাদ দিলে ৯ বাকী থাকে, ৯ এ জন্মনক্ষত্র ৬ যোগ করিয়া দিলে ১৫ হইল। ১৫কে ৪ দিয়া পূরিলে ৬০ হইল, ৬০ কে ৯ দ্বারা হরিলে ৬ ফল হইয়া বাকী ৬ রহিল। অতএব ফলে ১ যোগ করিলে ৭ হইল। যদি কৃষ্ণপক্ষে জন্ম হইত তাহা হইলে ঐ ৭ তে কার্ত্তিক মাসে জন্ম জানা যাইত, কিন্তু ৬ ষষ্ঠী শুক্লপক্ষ বলিয়া ঐ ৭ তে ৬ যোগ করিয়া ১২ বাদ দিলে ১ বাকী রহিল এবং একে বৈশাখ মাসে উহার জন্ম জানাগেল।

শুক্ল পক্ষের তিথির অঙ্কের ন্যায় কৃষ্ণপক্ষের তিথির অঙ্ক প্রতিপদ হইতে অমাবস্যা পর্য্যন্ত ১৫ ধরিতে হয়।

অথ পক্ষজ্ঞানম্।

মাসরাশের্জ্জন্মরাশিঃ ষণ্মাসাভ্যন্তরে স্থিতঃ।
শুক্লপক্ষেঽন্যথা কৃষ্ণে বরাহবচনং যথা॥ ২॥
ভাস্করাৎ সপ্তপর্য্যন্তং শুক্লপক্ষং বদেৎ সদা।
মৃগাঙ্কং দ্বিগুণং কৃত্বা তিথয়ো ভাগসংযুতম্॥
লগ্নাৎ পূর্ব্বাপরং বুদ্ধা মাসস্তাগ্রপরার্দ্ধকম্।
পক্ষৌ তত্র বদেদেবং শুক্লকৃষ্ণৌ যথাক্রমম্॥

বরাহ বচনে এই রূপ নির্দ্দিষ্ট আছে যে, মাসরাশি হইতে জন্মরাশি পর্য্যন্ত গণনা করিয়া যদি ৬ ছয় সংখ্যার অধিক না হয়, তাহা হইলে শুক্ল পক্ষে জন্ম হইয়াছে, যদি ছয় সংখ্যার অধিক হয়, তাহা হইলে কৃষ্ণ পক্ষে জন্ম হইয়াছে।

সূর্য্য যে রাশিতে থাকেন সেই রাশি হইতে সপ্তম রাশির মধ্যে যাহার জন্ম হইবে, তাহার জন্ম শুক্লপক্ষে এবং অবশিষ্ট রাশিতে কৃষ্ণপক্ষে, জন্ম স্থির করিবে।

এস্থলে কেহ কেহ কহেন যে, সূর্য্য যে নক্ষত্রে আছেন, তদবধি সপ্ত নক্ষত্র মধ্যে যদি জন্ম হইয়া থাকে, তাহা হইলে শুক্লপক্ষে জন্ম হইয়াছে, তদ্ভিন্ন নক্ষত্রে জন্ম হইলে কৃষ্ণপক্ষে জন্ম হইয়াছে।

প্রশ্ন লগ্নকে দুই ভাগ করিয়া দেখিবে যে, যদি লগ্নের পূর্ব্ব ভাগে প্রশ্ন হইয়া থাকে, তাহা হইলে শুক্লপক্ষে জন্ম হইয়াছে, যদি শেষ অংশে প্রশ্ন হইয়া থাকে, তাহা হইলে কৃষ্ণপক্ষে জন্ম হইয়াছে, বলিবে।

তিথিজ্ঞানম্।

সপ্তত্রিংশাংশতো নিত্যং তিথির্ব্বাচ্যা সুযত্নতঃ।
অত্যন্তবিষমঞ্চৈতৎ প্রশ্নমাসাৎ বদেৎ সদা॥
মৃগাঙ্কং ত্রিগুণং কৃত্বা তিথয়ো ভাগসংযুতম্।

প্রশ্ন লগ্নকে ত্রিশ ভাগ করিয়া কোন্ ভাগে জন্ম হইয়াছে, তাহা স্থির করিবে, যদি প্রথম ভাগে জন্ম হইয়া থাকে, তাহা হইলে শুক্ল প্রতিপদ্, যদি দ্বিতীয় ভাগে জন্ম হইয়া থাকে, তাহা হইলে দ্বিতীয়া তিথি, এই রূপ ত্রিশ অংশে যথাক্রমে প্রতিপদাদি ত্রিশটী তিথির মধ্যে জন্মতিথি স্থির করিবে। এই গণনা অতি সূক্ষ্ম এবং কঠিন, অতএব স্থূলরূপে গণনা করিতে হইলে প্রশ্নমাস অবলম্বন পূর্ব্বক গণনা করিয়া বলিবে, যথা প্রশ্নকালে যে তিথি হইবে, তাহাকে তিনগুণ করিয়া ত্রিশ দ্বারা ভাগ দিয়া যাহা অবশিষ্ট থাকিবে, তাহাই জন্মতিথি, বলিবে।

অন্য মতে।

লগ্ন স্ফুটের রাশিকে ত্রিশ দ্বারা পূরণ করিয়া তাহার অংশের সহিত যোগ করিবে, পরে তাহাকে ষষ্টি ৬০ দ্বারা পূরণ করিয়া স্ফুটের কলার সহিত যোগ করিয়া যে কলা হইবে, তাহাকে ৩০০ দ্বারা হরণ করিয়া যাহা লব্ধ হইবে, তাহাতে এক ১ যোগ করিয়া তাহাকে ত্রিশ দ্বারা ভাগ করিলে যাহা শেষ থাকিবে, সেই অঙ্কই তিথির অঙ্ক হইবে।

নক্ষত্রজ্ঞানম্।

মাসনামক ঋক্ষে চ তিথিসংখ্যাং নিয়োজয়েৎ।
কৃষ্ণে দশ সিতে চৈকাদশ ক্ষিপ্ত্বা তমুন্নয়েৎ ॥১॥
মাসনামানি ঋক্ষাণি তিথ্যা সহ নিয়োজয়েৎ।
সিতে রুদ্রধ্রুবং দদ্যাদসিতে দশ এব চ।
সপ্তবিংশতি ঋক্ষাণি শেষং নক্ষত্রকং ধ্রুবম্ ॥২॥
স্বতিথিং মাস নামর্ক্ষং রুদ্রকাষ্ঠাসিতাসিতে।
সংযোজ্য প্রবদেদৃক্ষং নরাণাং ঋক্ষশেষিতম্ ॥৩॥

জন্ম মাসের নাম যে নক্ষত্রের নামে আখ্যাত হইয়াছে, তাহার সংখ্যার সহিত জন্মতিথির সংখ্যা যোগ করিবে, যদি কৃষ্ণপক্ষ হয়, তাহা হইলে তাহাতে দশ ১০ যোগ করিবে, যদি শুক্লপক্ষে হয়, তাহা হইলে তাহাতে একাদশ ১১ যোগ করিবে। ঐ সকল অঙ্কের সমষ্টিতে যে অঙ্ক হইবে, তাহাই তাহার জন্ম নক্ষত্র। যদি ঐ সমষ্টির অঙ্ক ২৭এর অধিক হয়, তাহা হইলে তাহা হইতে ২৭ হীন করিলে যাহা শেষ থাকিবে, সেই অঙ্কে যে নক্ষত্র হয়, তাহাই জন্ম নক্ষত্র।

রাশিজ্ঞানম্।

মাসরাশৌ তু দর্শাদিতিথিং দ্বিত্রিক্রমেণ চ।
দদ্যাচ্চ যা তিথির্যত্র স রাশির্নাত্র সংশয়ঃ ॥
প্রশ্নকালাচ্ছশী যাবদ্গৃহে তিষ্ঠতি নিশ্চিতম্ ॥
তৎসংখ্যয়া বদেদ্রাশিং ক্রমান্মেষাদিতস্ততঃ ॥
যাবদ্গতঃ শীতকরো বিলগ্নাত্তাবদ্বদেজ্জন্মত এব রাশিম্।
তিথ্যঙ্কং দ্বিগুণীকৃত্য রসং তত্র নিযোজয়েৎ ।
বাণেন হৃত্বা যল্লব্ধং স রাশির্জন্মমাসতঃ ॥
(একেন হীনা দ্বিগুণা তিথিস্তু বাণান্বিতা বাণহৃতাপ্তসংখ্যা।
তত্রৈব চন্দ্রো রবিযুক্তরাশের্জ্ঞাতব্যমেতৎ কৃতিকৌতুকেন ॥)

যে মাসে জন্ম হইয়াছে, সেই মাসের যে রাশি তাহাতে অমাবস্যা ও প্রতিপৎ স্থাপন পূর্ব্বক তৎপর রাশিতে দ্বিতীয়াদি চতুর্থী পর্য্যন্ত ৩টি তিথি স্থাপন করিবে। এইরূপ তৃতীয় গৃহে তৎপরবর্ত্তী দুইটি তিথি এবং চতুর্থ গৃহে তৎপরবর্ত্তী ৩টি তিথি এইরূপ ক্রমান্বয়ে দ্বাদশ রাশিতে ত্রিশটি তিথি সংস্থাপন করিবে, পরে দেখিবে, যে রাশিতে জন্মতিথি পড়িয়াছে, তাহাই তাহার জন্মরাশি।

প্রশ্নসময়ে প্রশ্নলগ্ন হইতে চন্দ্রের স্থিতিরাশি পর্য্যন্ত গণনা করিয়া যে সংখ্যা হইবে, মেষ রাশি হইতে আরম্ভ করিয়া গণনা দ্বারা সেই সংখ্যায় যে রাশি হইতে পারে, তাহাই তাহার জন্মরাশি।

প্রশ্নলগ্ন হইতে চন্দ্রস্থিতিরাশি যত সংখ্যা হইবে, জন্ম লগ্ন হইতে সেই সংখ্যায় যে রাশি হইবে, তাহাই তাহার জন্মরাশি।

জন্মতিথির অঙ্ক দ্বিগুণ করিবে। তৎপরে ঐ অঙ্কের সহিত ৬ ছয় মিশ্রিত করিয়া তাহাকে পঞ্চ দ্বারা বিভাগ করিলে যে অঙ্ক লব্ধ হইবে, সেই লব্ধাঙ্ক জন্মমাস হইতে গণনা করিলে যে রাশিতে শেষ হইবে, সেই রাশিই তাহার জন্ম রাশি জানিবে।

লগ্নজ্ঞানম্।

যস্মিন্নৃক্ষে স্থিতঃ সূর্য্যস্তস্মাৎ পূর্ব্বাপরে দিনে।
সপ্তমে দ্বাদশে ঋক্ষে লগ্নং সংস্থাপয়েদ্বুধঃ ॥
রাত্রেঃ পূর্ব্বাপরার্দ্ধে তু ঘনক্ষে সিদ্ধিসংজ্ঞকে।
রবিযুক্তর্ক্ষতো নিত্যং বরাহাদিষু নিশ্চিতম্ ॥

স্পষ্টার্থঃ।

দিবা পূর্ব্বার্দ্ধে জন্ম চেৎ জন্মকালীনরবিস্থিতিনক্ষত্রমবধিঃ কৃত্বা সপ্তমনক্ষত্রমিতরাশৌ লগ্নম্। পরার্দ্ধে চেৎ জন্ম, তস্মাৎ দ্বাদশমিতনক্ষত্ররাশৌ লগ্নম্। রাত্রৌ পূর্ব্বার্দ্ধে চেৎ জন্ম, তস্মাৎ সপ্তদশনক্ষত্রমিতরাশৌ লগ্নম্। তৎপরার্দ্ধে চেৎ জন্ম, তস্মাৎ চতুর্ব্বিংশনক্ষত্রমিতরাশৌ লগ্নং বদেদিত্যর্থঃ।

বরাহপ্রণীত জ্যোতিষ গ্রন্থে ও অন্যান্য জ্যোতিষ গ্রন্থে নিরূপিত আছে যে, যদি দিবসের পূর্ব্বার্দ্ধে জন্ম হইয়া থাকে, তাহা হইলে ঐ জন্ম সময়ে রবি যে নক্ষত্রে ছিলেন, সেই নক্ষত্র হইতে গণনা করিয়া সপ্তম নক্ষত্রে যে রাশি হইতে পারে, তাহাই জন্মলগ্ন হইবে। যদি দিবসের উত্তরার্দ্ধে জন্ম হইয়া থাকে, তাহা হইলে ঐ সময় সূর্য্য যে নক্ষত্র ছিলেন, সেই নক্ষত্র হইতে গণনা করিয়া যে নক্ষত্র দ্বাদশসঙ্খ্য হইবে, সেই নক্ষত্রে যে রাশি হইতে পারে, তাহাই জন্মলগ্ন স্থির হইবে। যদি রাত্রির পূর্ব্বার্দ্ধে জন্ম হইয়া থাকে, তাহা হইলে সেই জন্ম সময়ে রবি যে

নক্ষত্রে ছিলেন, তাহার সপ্তদশ নক্ষত্রে যে রাশি হইতে পারে, তাহাই জন্মলগ্ন। যদি রাত্রির শেষার্দ্ধে জন্ম হইয়া থাকে, তাহা হইলে জন্ম কালে রবি যে নক্ষত্রে ছিলেন, তাহার চতুর্ব্বিংশ নক্ষত্রে রবি থাকিলে যে রাশি হইতে পারে, তাহাই জন্মলগ্ন স্থির করিবে।

খণ্ডিতনক্ষত্র দ্বারা রাশিনিরূপণের উপায়।

অশ্বিন্যাদি ত্রয়ং মেষে সিংহে প্রোক্তং মঘাত্রয়ম্।
মূলাদিত্রিতয়ং চাপে শেষে শেষে নবস্থ রাশিষু॥

অশ্বিনী প্রভৃতি নক্ষত্রত্রয়ে মেষরাশি নির্দ্দিষ্ট হইবে। মঘা প্রভৃতি নক্ষত্রত্রয়ে সিংহরাশি, মূলাদি নক্ষত্রত্রয়ে ধনুরাশি হইবে। অবশিষ্ট অষ্টাদশ নক্ষত্রের মধ্যে দুই দুই নক্ষত্রে যথা ক্রমে এক এক রাশি ধরিয়া লইতে হইবে। অথবা নক্ষত্রের প্রথম ভাগে পুত্র, দ্বিতীয় ভাগে কন্যা, তৃতীয় ভাগে পুত্র, চতুর্থ ভাগে কন্যা, এইরূপ অনুমান দ্বারা ভগ্ননক্ষত্র স্থলে লগ্ন নির্ণয় করিয়া লইবে।

কেহ কেহ বলেন, যদি দিবসের প্রথম প্রহরে জন্ম হয়, তাহা হইলে জন্মকালে রবি যে নক্ষত্রে ছিলেন, সেই নক্ষত্রের সপ্তম নক্ষত্রে যে রাশি হইতে পারে, তাহাই জন্মলগ্ন হইবে। যদি দ্বিতীয় প্রহরে জন্ম হয়, তাহা হইলে জন্মকালে যে নক্ষত্রে রবি ছিলেন, তাহার অষ্টম নক্ষত্রে, এবং যদি তৃতীয় প্রহরে জন্ম হয়, তাহা হইলে জন্ম কালীন রবি যে নক্ষত্রে ছিলেন, তাহার একাদশ নক্ষত্রে, এবং যদি চতুর্থ প্রহরে জন্ম হয়, তাহা হইলে সেই সময়ে রবি যে নক্ষত্রে ছিলেন, তাহার দ্বাদশ নক্ষত্রে, যে রাশি হয়, তাহাই জন্মলগ্ন হইবে। যদি রাত্রির প্রথম প্রহরে জন্ম হয়, তাহা হইলে জন্ম কালে রবি যে নক্ষত্রে ছিলেন, তাহার অষ্টাদশ নক্ষত্রে, এবং যদি দ্বিতীয় প্রহরে জন্ম হয়, তাহা হইলে জন্ম কালে রবি যে নক্ষত্রে ছিলেন, তাহার ঊনবিংশ নক্ষত্রে, এবং যদি তৃতীয় প্রহরে জন্ম হইয়া থাকে, তাহা হইলে সেই সময় রবি যে নক্ষত্রে ছিলেন, তাহার চতুর্ব্বিংশ নক্ষত্রে এবং যদি চতুর্থ প্রহরে জন্ম হইয়া থাকে, তাহা হইলে জন্ম কালে রবি যে নক্ষত্রে ছিলেন, তাহার পঞ্চবিংশ নক্ষত্রে যে রাশি হইতে পারে, তাহাই জন্ম লগ্ন হইবে।

দিবারাত্রিজ্ঞানম্।

যস্মিন্ ঋক্ষে বসেত্তাস্তুতস্মাদ্দ্বাদশতারকম্।
দিনে, শেষে রজন্যাস্তু জন্তোর্জন্ম প্রকীর্ত্তিতম্॥

প্রশ্নকালে রবি যে নক্ষত্রে বাস করিতেছেন, তদবধি দ্বাদশ নক্ষত্রের মধ্যে কোন নক্ষত্রে যদি জন্ম হইয়া থাকে, তাহা হইলে দিবসে জন্ম হইয়াছে, যদি অপর কোন নক্ষত্রে জন্ম হইয়া থাকে, তাহা হইলে রাত্রিতে জন্ম হইয়াছে, স্থির করিবে।

দণ্ড জ্ঞান।

মাসরাশি হইতে উক্ত জন্মরাশির যত অন্তর হইবে, তাহাকে ৫ পাঁচ দিয়া গুণ করিয়া ২ বাদ দিলে যত হয়, প্রায় তদ্দণ্ডের সময় জন্ম।

অথ লগ্নপরীক্ষা।

উদয়াস্তগতানাড্যস্তাসামর্দ্ধকসংজ্ঞকাঃ।
রবিভুক্তিসমাযুক্তা জাতস্য লগ্ননির্ণয়ঃ॥
চন্দ্ররাশ্যাধিপো যত্র তত্রিকোণমথাপি বা।
তৎসপ্তমং ত্রিকোণং বা ইতি লগ্নবিনির্ণয়ঃ॥

চন্দ্র যথা লগ্ন তথা তার ত্রিকোণ হয়। ক্ষেত্রাধিপের বিযোড় ঘরে ষষ্ঠীদাসে কয়।

ডাককৃত নষ্টকোষ্ঠী বিচার।

খনা

অথ অয়ন মাস।

যে যে লগ্নে প্রশ্ন করে, হোরা গণিয়া মাস ধরে। প্রথম হোরার প্রশ্ন হয়, মাঘাদি ছয় মাস কয়। প্রশ্ন লগ্নের দ্বিতীয় হোরা, শ্রবণাদি ছয় মাস সারা।

অথ ঋতু জ্ঞান।

লগ্নে বা দ্রেকাণে যদি, শনি গ্রহ করে স্থিতি। পৌষ মাঘ দুই মাস, ডাক বলে ঋতু আস। লগ্নে দ্রেকাণে থাকে শুক্র, ফাল্গুন চৈত্র দুই মাস লেখা। যদি থাকে কুজগ্রহ, বৈশাখ জ্যৈষ্ঠ মাস কহ। চাঁদ থাকিলে আষাঢ় শ্রাবণ, বুধে ভাদ্র আশ্বিন গণন। জীবে লগ্নে দুই ভাগে, কার্ত্তিক অগ্রহায়ণ দুই মাসে।

রবি গ্রহ লগ্নে বুঝি, মাঘ ফাল্‌গুন তাহে ভজি।
নষ্ঠ কোষ্ঠীর বিচার সার, লগ্নে কিম্বা দ্রেক্কাণে ধর।
তাহে যদি চন্দ্র থাকে, ফাল্‌গুন চৈত্র কবে তাকে।
প্রথম হোরায় প্রশ্ন জান, শেষ হোরায় মাস আন।
শ্রবণাদি ছয় মাস জানি, লগ্নে দ্রেক্কাণে শুক্র মানি।
আষাঢ় শ্রাবণ মাস বলে, ভাদ্র বলে নাই চলে।
উত্তরায়ণে জন্ম জান্যা, লগ্ন দ্রেক্কাণে বুধ গণ্যা। বৈশাখ জ্যৈষ্ঠ মাস কয়, ঋতু ক্রম অতি নিশ্চয়। দক্ষিণায়নে জন্ম বুঝি, দ্রেক্কাণে লগ্নে বুধ কুজি। ভাদ্র আশ্বিনে জন্ম তার, উত্তরায়ণে কহি সার। লগ্ন দ্রেক্কাণে থাকে জীব, পৌষ মাঘ কহে শিব। দক্ষিণায়ন যদি বুঝি, কার্ত্তিক অগ্রহায়ণ তাহে সুজি। দুই মাস করিয়া ধরি, যে মাসে জন্ম নির্ণয় করি। যেই দ্রেক্কাণে প্রশ্ন হয়, সেই দ্রেক্কাণে অর্দ্ধেক লয়। পূর্ব্বার্দ্ধ পূর্ব্ব মাস, অপরার্দ্ধ শেষ মাস।

তিথি জ্ঞান।

মাসে রাশ্যে যত পাবে, পাঁচ পূরিলে যত হবে, পাঁচ ঘুচিলে যত রয়, আধা তিথি যষ্ঠী কয়। মাসে রাশ্যে দেখি ছয়, তবে তিথি শুক্ল হয়। তার উর্দ্ধে কৃষ্ণ পক্ষ, বলে ষষ্ঠী ফল ঐক্য।

খনা।

ম,স নখতা তিথি যুতা। ভ (২৭) দিয়া হররে পুতা।
আন্ধারে দশ, আলোতে এগার। ইহা দিয়া নক্ষত্র সারো।

অথ নক্ষত্র জ্ঞান।

তিথি মাসক করিয়া বস, সিতে রুদ্র অসিতে দশ।
সাতাইসে হরিলে থাকে যে, রাশি নক্ষত্র হয় সে ॥ ৩ ॥
অন্যচ্চ। মাস নক্ষত্র তিথিযুত, সিতে রুদ্র ১১ অসিতে দশ ১০। ভ ২৭ হরিয়া জান পুতা, যার যে রাশি নক্ষত্রতা ॥ ৪ ॥ ০ ॥

অথ লগ্ন জ্ঞান।

যথা থাকে তিমিরবিনাশী, সপ্ত দ্বাদশে উদয় স্থিতি নিশি। সপ্তদশ চতুর্ব্বিংশতি জান্, কহে খনা জন্ম লগ্ন বেদ প্রমাণ্।

অথ রাশি।

যেই ঘরে রবি স্থান, অমাবস্যাতিথি জান। অমাআদি বার ঠাঁই, দুই তিন করিয়া গণিয়া যাই, যেই ঘরে তিথির থানা, সেই রাশি বলে খনা।

যুগপৎ শাকমাসপক্ষতিথ্যাদিজ্ঞানম্।

শ্রেণী প্রশ্নাক্ষরাণাং জলনিধিগুণিতা নামমাত্রেণ যুক্তা
দন্তাষ্টৌ লোকপালা রবি তিথি ধৃতিভির্ব্বিংশতা মূর্চ্ছিতাচ।
শাকো মাসশ্চ পক্ষস্তিথিরুদয়গৃহং রাশিবারৌ ক্রমেণ
লভ্যন্তে পূর্ব্বমেতৎ ক্রমপদগুণিতং জাতকং নষ্টসংজ্ঞম্॥

পাঠান্তরম্।

শ্রেণী প্রশ্নাক্ষরাণাং জলনিধিগুণিতা নামমাত্রেণ যুক্তা
দন্তাষ্টৌ লোকপালা রবি ধৃতি মুনিভির্ব্বিংশতা মিশ্রিতা চ।
শাকো মাসশ্চ পক্ষস্তিথিরুদয়গতং বাররাশী ক্রমেণ
লভ্যন্তে পূর্ব্বমেতৎ ক্রমপদগুণিতং জাতকং নষ্টসংজ্ঞম্॥

প্রশ্নাক্ষরে যত গুলি অক্ষর থাকিবে, তাহাকে প্রথমত ৪ চার দিয়া গুণ করিতে হইবে। পরে তাহাতে ৩ তিন যোগ করিয়া যাহা লব্ধ হইবে, তাহা ধ্রুবাঙ্ক। ঐ ধ্রুবাঙ্ককে ৩২ বত্রিশ দ্বারা গুণ করিয়া শক, ৮ আট দ্বারা গুণ করিয়া মাস, ১০ দশ দ্বারা গুণ করিয়া পক্ষ, ১২ বার দ্বারা গুণ তিথি, ১৫ পোনের দ্বারা গুণ করিয়া লগ্ন, ১৮ আঠার দ্বারা গুণ করিয়া বার, এবং ২০ বিংশতি দ্বারা গুণ করিয়া রাশি অবগত হওয়া যাইবে।

এস্থলে সঙ্কেতানুসারে মাসজ্ঞান স্থলে ধ্রুবাঙ্ককে ৮ আট দ্বারা গুণ করিয়া, ১২ বার দ্বারা ভাগ দিয়া যাহা অবশিষ্ট থাকিবে, সেই অঙ্কই বৈশাখাদি মাসের মাসাঙ্ক হইবে। এই রূপ পক্ষ জানিবার সময় দশ গুণিত ধ্রুবাঙ্ক ২ দুই দ্বারা বিভক্ত করিতে হইবে, তিথি জানিবার সময় দ্বাদশ গুণিত ধ্রুবাঙ্ক ৩০ ত্রিশ দ্বারা বিভক্ত করিয়া অবশিষ্ট অঙ্ক দ্বারা তিথি নির্ণয় হইবে।

লগ্ন জানিবার সময় ১৫ পঞ্চদশ গুণিত ধ্রুবাঙ্ককে ১২ বার দ্বারা বিভক্ত করিয়া যাহা অবশিষ্ট থাকিবে, তাহাই মেষাদি ক্রমে লগ্ন হইবে।

বার জানিবার সময়, অষ্টাদশ গুণিত ধ্রুবাঙ্ককে ৭ সাত দ্বারা বিভক্ত করিয়া অবশিষ্ট অঙ্ক দ্বারা রবি অবধি বার নির্ণয় হইবে।

রাশি জানিবার সময়, বিংশতি গুণিত ধ্রুবাঙ্ক দ্বাদশ দ্বারা বিভক্ত করিয়া, শেষ অঙ্ক দ্বারা মেষাদি রাশি ক্রমে নির্ণয় হইবে।

শক জ্ঞানের সময় ৩২ বত্রিশ গুণিত ধ্রুবাঙ্ককে ২৪ দ্বারা বিভক্ত করিয়া ভাগ ফল যাহা লব্ধ হইবে, তাহাতে বৃদ্ধের বয়স নির্ণয় হইবে। যুবার বয়ঃক্রম নির্ণয় করিবার সময় ২৪ দ্বারা ভাগ না দিয়া ৪৮ দ্বারা ভাগ দিবে। বালকের বয়ঃক্রম নির্ণয় করিবার সময় ৪৮ দ্বারা ভাগ না দিয়া ৭২ দ্বারা ভাগ দিলে, যাহা ভাগ ফল লব্ধ হইবে, তাহাই তাহার বয়ঃক্রম নির্ণয় হইবে।

এ স্থলে কেহ কেহ ৩২।৮।১০।১২।১৫।১৮।২০ ইহার দ্বারা গুণ না করিয়া ধ্রুবাঙ্কে ইহা যোগ করেন।

উদাহরণ।

যত্র প্রশ্নাক্ষরং ৯, চতুর্ভি ৪ ঈঘ্না ৩৬, পুরুষ নামাক্ষরং ৩ মিশ্র-মিশ্রা ধ্রুবাঙ্কঃ ৩৯ দ্বাত্রিংশদ্ভিঃ ৩২ পূরণে ১২৪৮ চতুর্ব্বিংশতা ২৪ হৃত্বা লব্ধা ৫২ এতেন বয়োজ্ঞানং শকোপি জ্ঞেয়ঃ। অত্র তু বিশেষঃ। বৃদ্ধস্য যদি কোষ্ঠী তদা চতুর্ব্বিংশত্যা হরণং, মধ্যমস্য ৪৮ অষ্টচত্বারিংশতা, বালকস্য চেত্তদা দ্বিসপ্তত্যা হরণমিতি।

প্রশ্নাক্ষর ৯, চার দ্বারা গুণ করিয়া ৩৬, নামাক্ষর ৩, ইহার সহিত যোগ করিয়া ধ্রুবাঙ্ক ৩৯। ধ্রুবাঙ্ককে ৩২ দিয়া, গুণ করিয়া গুণ ফল ১২৪৮, ইহাকে ২৪ দ্বারা হরণ করিয়া ভাগ ফল ৫২, সুতরাং প্রশ্নকর্ত্তার ৫২ বর্ষ বয়স নিশ্চয় হইল।

ধ্রুবাঙ্ক ৩৯ কে ৮ দ্বারা গুণ করিলে ৩১২ হয়, ইহাকে ১২ দ্বারা ভাগ দিলে শেষ ০ শূন্য থাকে, সুতরাং শূন্য স্থলে ১২ বার ধরিয়া লইলে চৈত্র মাস স্থির হইল।

ধ্রুবাঙ্ক ৩৯ কে ১০ দ্বারা গুণ করিয়া ৩৯০, ইহাকে ২ দ্বারা ভাগ করিলে শেষ শূন্য ০ থাকে ইহাতে কৃষ্ণপক্ষ স্থির হইল।

ধ্রুবাঙ্ক ৩৯ কে ১২ দ্বারা গুণ করিয়া ৪৬৮, ইহাকে ৩০ দ্বারা ভাগ করিয়া শেষ ১৮ কৃষ্ণপক্ষের তৃতীয়া তিথি নিশ্চয় হইল।

ধ্রুবাঙ্ক ৩৯ কে ১৫ দ্বারা গুণ করিয়া ৫৮৫, ইহাকে ১২ দ্বারা ভাগ করিলে শেষ ৯ থাকে, মেষ হইতে গণনায় ধনুরাশি হয়, ইহাই তাহার জন্ম লগ্ন।

ধ্রুবাঙ্ক ৩৯ কে ১৮ দ্বারা গুণ করিলে ৭০২ হয়, ইহাকে ৭ দ্বারা ভাগ করিলে শেষ ২ থাকে রবি হইতে গণনায়, সোমবার তাহার জন্মবার।

ধ্রুবাঙ্ক ৩৯ কে ২০ দ্বারা গুণ করিলে ৭৮০ হয়, ইহাকে ১২ দ্বারা ভাগ দিলে অবশিষ্ট ০ শূন্য থাকে সুতরাং শেষ হইতে গণনায় মীন রাশিই তাহার জন্ম রাশি।

অথ কেরল্যুক্ত নষ্ট কোষ্ঠ্যুদ্ধারঃ।

জ্ঞেয়া বালাদিকাবস্থা চতুর্বিংশতি বার্ষিকী। তস্যাঃ পূর্ব্বা-(১) পরো ভাগো বেদ ৪ য়াৎ কর, ২ শেষিতঃ। দ্বিগুণাৎ সূর্য্য ১২ ভাগেন বয়োজ্ঞেয়ং ততঃ শকম্। চতুস্ত্রিংশ ৩৪ দ্গুণৈঃ সূর্য্য ১২ শেষাম্মাসাস্ততো মতাঃ। বেদঘ্নাৎ ৪ কর ২ শেষেণ শুক্লঃ, ১কৃষ্ণশ্চ, ২ পক্ষকঃ। মৈত্রঘ্নাৎ, ১৭ সপ্তশেষেণ বারা রব্যাদয়ো মতাঃ।

অথ রাশি জ্ঞানম্।

অকারাদি স্বরাঃ (২) জ্ঞেয়াঃ ক্রমাৎ দ্বাদশরাশয়ঃ। পিণ্ডাৎ (৩) দ্বাদশভিশ্চৈব শেষে দ্বাদশরাশয়ঃ। অ এ ক চ ট ত প য শা বসন্তঃ। আ ঐ খ ছ ঠ থ ফ র ষা গ্রীষ্মঃ। ই ও গ জ ড দ ব ল সা হেমন্তঃ। ঈ ঔ ঘ ঝ ঢ ধ ভ ব হাঃ প্রাবৃট্। উ ঊ অং অঃ শরৎ। ঙ ঞ ণ ন মাঃ শিশিরঃ। কেচিৎ প্রথম পঞ্চবর্গাদ্যা ইতি। মিশ্রৈ র্মিশ্রং ষড্বি ভাগাদ্‌বোধ্যম্ ॥ ০ ॥

অথ মাস জ্ঞানং।

অ, এ, কঃ ফাল্গুণোমাসঃ। চটৌ চৈত্রঃ সমীরিতঃ। ই ও গ জ ড বর্ণকা বৈশাখঃ সমুদীরিতঃ। জ্যৈষ্ঠে দ ব ল সা জ্ঞেয়া। ঈ ঔ ঘ ঝ ঢ ধাঃ শুচিঃ। ভ ব হাঃ শ্রাবণ শ্চৈব। উ ঊ ঙ ঞ ণা ভাদ্রকে। আশ্বিনেতু নমৌ অং অঃ তপৌ কার্ত্তিক মাসকঃ মার্গশীর্ষে যশৌ পৌষঃ আ ঐ খ ছ ঠ থা অপি। ফ র ষা মাঘ মাসঃ স্যান্মাস জ্ঞানং সমীরিতং ॥ ০ ॥

অথ পক্ষ জ্ঞানং।

অ এ ক চ ট ত প য শাঃ শুক্ল পক্ষঃ সমীরিতঃ। ই ও গ জ ড দ ব ল সাশ্চ জ্ঞেয়াঃ। আ ঐ খ ছ ঠ থ ফ র ষাঃ কৃষ্ণ পক্ষঃ। ঈ ঔ ঘ ঝ ঢ ধ ভ ব হাশ্চ পুনঃ। উ ঊ অং অঃ শুক্ল। ঙ ঞ কৃষ্ণ। ণ ন মা উভয় পক্ষ ঈরিতঃ ॥ ০ ॥

---

(১) চতুর্ব্বিংশত্তেরর্দ্ধং দ্বাদশকঃ প্রথমং দ্বাভ্যামবশেষয়েৎ পরং চতুর্ভিরব শেষয়েৎ। ১

২ প্রশ্ন বাক্যেন ॥ ০ ॥ (৩) প্রশ্নাক্ষরপিণ্ডাৎ ॥ ০ ॥

অথ তিথি জ্ঞানং।

অ ই এ ও শুক্ল প্রতিপৎ (৪)১ ক ২ চ ৩ ট ৪ ত ৫ প ৬ য ৭ শ ৮ গ ৯ জ ১০ ড ১১ দ ১২ ব ১৩ ল ১৪ সা ১৫। আ ঈ ঐ ঔ ১৬ কৃষ্ণ প্রতিপৎ খ ১৭ ছ ১৮ ঠ ১৯ থ ২০ ফ ২১ র ২২ ষ ২৩ ঘ ২৪ ঝ ২৫ ঢ ২৬ ধ ২৭ ভ ২৮ ব ২৯ হা ৩০।

অথ নক্ষত্র জ্ঞানং।

ক কারাদি হকারান্তানি ঙ ঞ ণ ন ম ক্ষানি বর্জয়িত্বা যান্যক্ষরাণি তানি নক্ষত্রাণি ক ১ খ ২ গ ৩ ঘ ৪ চ ৫ ছ ৬ জ ৭ ঝ ৮ ট ৯ ঠ ১০ ড ১১ ঢ ১২ ত ১৩ থ ১৪ দ ১৫ ধ ১৬ প ১৭ ফ ১৮ ব ১৯ ভ ২০ য ২১ র ০ ল ২২ ব ২৩ শ ২৪ ষ ২৫ স ২৬ হ ২৭।

পুন র্নক্ষত্রাণি। উত্তরে অশ্বিন্যাদিঃ অধরে মূলাদিঃ কেচিৎ ধনিষ্ঠাদিঃ। অ ১ এ ২ ক ৩ চ ৪ ট ৫ ত ৬ প ৭ য ৮ শ ৯ ই ১০ ও ১১ গ ১২ জ ১৩ ড ১৪ দ ১৫ ব ১৬ ল ১৭ সা ১৮।
আ১৯ ঐ২০ খ২১ ছ২২ ঠ২৩ থ২৪ ফ২৫ র২৬ যা২৭।
ঈ ঔ ঘ ঝ ঢ ধ ভ ব হাঃ॥
একেন অশ্বিনী ইত্যাদি সপ্তবিংশত্যা ভাগেন বোধঃ।

চূড়ামণি প্রভৃতি মতে অর্থাৎ প্রাচীনকালের গণনা।

জন্ম শক নিশ্চয় করিয়া ঐ শকে কোন গ্রহ কোন রাশিতে স্থিত ছিল, তাহা সূক্ষ্মরূপে নির্ণয় করিবার অগ্রে, সহজে স্থূলরূপে গ্রহ আনিবার যে সঙ্কেত প্রাচীন কালে ব্যবহার হইত, তাহা পাঠক গণের বিদিতার্থে নিম্নে লিখিত হইল।

অথ গ্রহস্থিতি জ্ঞানং।

বিশাখেন্দ্রজলং বিষ্ণুঃ পূর্ব্বভাদ্রাশ্বিবহ্নয়ঃ।
শশীজ্যমঘযুক্‌চিত্রা ভানি বৈশাখতোবদেৎ।
বিজ্ঞায় মাস ঋক্ষাণি তস্য পঞ্চদশে রবিঃ

বৈশাখে বিশাখা তাহার সংখ্যা ১৬, জ্যৈষ্ঠে জ্যেষ্ঠা তাহার সংখ্যা ১৮, আষাঢ়ে পূর্ব্বাষাঢ়া তাহার সংখ্যা ২০, শ্রাবণে শ্রবণা তাহার সংখ্যা ২২, ভাদ্রে পূর্ব্বভাদ্রপদ তাহার সংখ্যা ২৫, আশ্বিনে অশ্বিনী তাহার সংখ্যা ১, কার্ত্তিকে কৃত্তিকা তাহার সংখ্যা ৩, অগ্রহায়ণে মৃগশিরা তাহার সংখ্যা ৫, পৌষে পুষ্যা তাহার সংখ্যা ৮, মাঘে মঘা তাহার সংখ্যা ১০ ফাল্গুণে পূর্ব্বফল্গুনী তাহার সংখ্যা ১১, চৈত্রে চিত্রা তাহার সংখ্যা ১৪, এই মাস নামক নক্ষত্র যে দিবস হইবে, সেই দিবস ঐ নক্ষত্র হইতে গণনায় যে নক্ষত্র ১৫ পোনের সেই নক্ষত্রে রবির স্থিতি জানিবেন, যথা ১২৮৪ সালের ৬ চৈত্র ফল্গুণমাসের মাস নামক পূর্ব্বফল্গুণী নক্ষত্রের সংখ্যা ১১, ইহাতে ঐ পোনের যোগ করিলে ২৬ ছাব্বিশ হয়, ঐ ছাব্বিশে উত্তরভাদ্রপদ নক্ষত্র, তাহাতে রবির অবস্থিতি হইবে।

রবির্যত্র বুধস্তত্র দ্বিতীয়ক্ষে্র্ঽপিবাবদেৎ॥

রবির যে রাশিতে স্থিতি হইবে, প্রায় সেই রাশিতেই বুধের স্থিতি হইয়া থাকে। যদি তাহা না হয়, তবে তৎপার্শ্বস্থ রাশিতে স্থিতি হইবে।

বুধাত্তৃতীয়গে শুক্রস্তস্মাৎ পঞ্চদশে কুজঃ।
বিলিখ্য প্রবদেন্নিত্যং নষ্টকোষ্ঠী বিচক্ষণৈঃ॥

ঐ বুধ হইতে প্রায় তৃতীয় নক্ষত্রে অথবা তৃতীয় রাশিতে শুক্রের স্থিতি হইয়া থাকে। এবং যে নক্ষত্রে শুক্রের স্থিতি হইবে, তাহা হইতে যে নক্ষত্র ১৫ পোনের (মতান্তরে ১৭ সতের) সেই নক্ষত্রে মঙ্গলের প্রায়স্থিতি হইয়া থাকে।

শাকাঙ্কং বসুভির্হৃত্বা শেষাঙ্কেন বিনির্দ্দিশেৎ।
তুলাতোমেষতো বাপি চৈকং দত্ত্বা মহীসুতম্॥

শকাব্দাঙ্ককে ৮ আট দ্বারা বিভক্ত করিলে যে অঙ্ক অবশিষ্ট থাকিবে, ঐ অঙ্কসংখ্যার সহিত এক যোগ করিয়া, (রবির স্থিতি জানিয়া) তুলা কিম্বা মেষ হইতে গণনা করিলে, যে রাশি হইবে, সেই রাশিতে মঙ্গলের স্থিতি জানিবে।

শকাব্দং দ্বাদশৈহৃত্বা শেষমেকং যুতং চরেৎ।
তৎ সংখ্যয়া লিখেজ্জীবং কন্যাদি রাশিতোগৃহে॥

শকাব্দাঙ্ককে ১২ বার দ্বারা ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহার সহিত এক যোগ করিবে। যোগজ অঙ্কের সংখ্যা যত হইবে তাহা কন্যা রাশি অবধি গণনা করিলে যে রাশি হইবে, সেই স্থানে বৃহস্পতির স্থিতি হইবে। যেমন ১ এক থাকিলে কন্যা ২ দুই থাকিলে তুলা ইত্যাদি সঙ্কেত।

বিহৃত্য খণ্ডৈঃ শাকং শেষ সংতুল্যতঃ শনিঃ।
পূর্ব্বাষাঢ়াদিকং কৃত্বা বিলিখেৎগণকোত্তমঃ॥

শকাঙ্ককে ৩০ ত্রিশ দ্বারা বিভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে। উত্তরাষাঢ়া নক্ষত্র অবধি গণনা করিলে সেই নক্ষত্রে শনির স্থিতি হইবে। কোন কোন মতে ধনিষ্ঠা অবধি গণনা করিতে হয়।

---

(৪) পঞ্চ- দশভি র্ভাগৈরেকেন শুক্লপ্রতিপৎ এতৎ রীত্যা দশাস্থা নিরূপণীয়া ইত্যর্থঃ॥ ০॥

অষ্টাদশহৃতাৎ শাকাৎ শেষতুল্যৈঃ ক্রমোৎক্রমৈঃ।
পূর্ব্বভাদ্রাদিকং কৃত্বা সৈংহিকেয়ং বিনির্দ্দিশেৎ॥

শকাব্দাঙ্ককে ১৮ আঠার দ্বারা বিভাগ করিলে, যাহা অবশিষ্ট থাকিবে, তাহা ক্রমে এবং উৎক্রমে পূর্ব্বভাদ্র পদ নক্ষত্র অবধি রাহুরস্থিতি নির্দ্দেশ করিবে।

বৃহস্পতি।

খনা। শকের যুচাব বার শত, বারতে হরিয়া বুঝিব তত্ব, তুলা হইতে গণিয়া আনি, গুরুর স্থিতি ইহাতে জানি।

ঐ বার দ্বারা বিভাগ করিলে যদ্যপি শূন্য থাকে তাহা হইলে কন্যা রাশিতে গুরুর স্থিতি হইবে। যদি বৃহস্পতি অতিচার অবস্থায় থাকেন তাহা হইলে কন্যা হইতে এবং বক্রী হইলে বৃশ্চিক হইতে গণনা করিতে হইবে।

খনা।

বুধ ও শুক্র।

শকের যুচাব বার শত, তিনে হরিয়া বুঝিব তত্ব, একে পূর্ব্বে দুয়ে পরে, শূন্যে জানিবে রবির ঘরে।

জাত মাস শুক্ল শকে দিয়া, বুঝিব কুজা বসু হরিয়া, রবির নিকট বলে মুনি, বিছায় মেষে গণিয়া আনি।

অথ বৃহস্পতি জ্ঞানের উদাহরণ।

শকাব্দ ১৭৯৯ ইহা হইতে সাঙ্কেত মতে ১৭০০ সতের বাদ দিয়া অবশিষ্টাঙ্ক ৯৯ নিরানব্বইকে ১২ বার দ্বা[illegible]গ করিলে, অবশিষ্ট ৩ তিন থাকে, ইহার সহিত [illegible] যোগ করিলে ৪ চার হয়। কন্যা অবধি গণনা করিলে ঐ চারিতে ধনুরাশি হয়, অতএব ১৭৯৯ শকে ঐ রাশিতে [illegible]পতি অবস্থিতি করিতেছেন।

অন্য মতে।

শুক্রজ্ঞান।

শাকাঙ্ককে ২৭ ছাব্বিশ দ্বারা বিভাগ করিয়া যাহা অ[illegible] থাকিবে, তাহাকে তিন দ্বারা হরণ করিলে যদ্যপি ১ এক থা[illegible] তাহা হইলে রবি যে ঘরেস্থিত আছেন তাহার পূর্ব্ব ঘরে, দুই থাকিলে তাহার পর ঘরে, এবং শূন্য ০ থাকিলে রবি যুক্ত থাকিবে।

বুধ জ্ঞান।

শাকাঙ্ককে ১২ বার দ্বারা বিভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে পুনরায় ৩ তিন দ্বারা বিভক্ত করিতে হইবে। ভাগাবশেষ ১ এক থাকিলে রবির পূর্ব্ব ঘরে, ২ দুই থাকিলে পর ঘরে, এব[illegible] শূন্য থাকিলে রবি যুক্ত থাকিবে।

[illegible] হাঙ্ক নষ্টকোষ্ঠ্যুদ্ধার।

শাকে[illegible] [illegible]চন্দ্রহীনে, হৃতে স্বকীয়ৈরপি হারকাঙ্কৈঃ।
যো[illegible] [illegible]দতি স্থিতে চ পত্রে গ্রহাবস্থিতিভং স্বমাসে॥

কুজাদীনাং হারকাঙ্ক।

[illegible]বেদ গুণাষ্টনাগানবেষুরামাঙ্ক দিনানি হীনাঃ।
[illegible]কাদন্য শকস্য কার্য্যঃ প্রাচ্যামৃণং পশ্চিমতো ধনঞ্চ॥

অভীষ্ট শক হইতে ১৩৩০ তের শত ত্রিশ বাদ দিলে, যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে গ্রহগণের স্বীয় স্বীয় হারকাঙ্ক দ্বারা ভাগ দিবে। ভাগাবশিষ্ট অঙ্ক সংখ্যায় নিম্নলিখিত পত্রাঙ্কে, অভীষ্ট মাসে, নিরূপিত নক্ষত্রস্থিত রাশিতে সেই সেই গ্রহের স্থিতি জানিবে। হারকাঙ্ক যথা, মঙ্গলের ৭৯, বুধের ৪৬, বৃহস্পতির ৮৩, শুক্রের ৮, শনির ৫৯, রাহুর ৯৩।

অথ সংশোধিত বরাহাঙ্ক চূড়ামণি।

	বৈশাখ	জ্যৈষ্ঠ	আষাঢ়	শ্রাবণ	ভাদ্র	আশ্বিন	কার্ত্তিক	অগ্রহায়ণ	পৌষ	মাঘ	ফাল্গুণ	চৈত্র	পত্রাঙ্ক
মঙ্গল	২৪	২৭।১৩	২।২৩	৪	৪।২৫	৬।২৫	৮	৮	৮	৮।২	৬	৬	
বুধ	২১	৪	৬	৬	১০	১৪	১৪	১৫	১৯	২২	২২	২৪	
বৃহস্পতি	৬	৬	৭	৭	৮	৮	৯	৯	৯	৯	৮	৮	১
শুক্র	৩	২	২	৪	৬	৯	১২	১৪	১৭	২০	২৩	২৬	
শনি	১	২	২	২	২	২	২	২	২	২	২	৩	
রাহু	২	২	১	১	[illegible]	১	১	১	১	১	২৭	২৭	

	বৈশাখ	জ্যৈষ্ঠ	আষাঢ়	শ্রাবণ	ভাদ্র	আশ্বিন	কার্ত্তিক	অগ্র	পৌষ	মাঘ	ফাল্গুণ	চৈত্র	পত্রাঙ্ক
মঙ্গল	৮	৯।২২	১০	১১।৮	৩।২১	১৫	১৫।১৮	১৮।১৪	২০।২৪	২২	২২।৪	২৪।১৪	
বুধ	১	৪	৬	৭	১	১৩	১৩	১৬	২০	২১	২২	২৫	
বৃহস্পতি	৮	৯	৯	৯	[illegible]	১১	১১	১১	১১	১১	১১	১১	২
শুক্র	২	৪	৭	১০	১১	১৫	১৭	১৯	১৮	১৮	১৯	২২	
শনি	৩	৩	৩	৩	৩	৩	৩	৩	৩	৩	৩	৩	
রাহু	২০	২৭	২৭	২৭	২৭	২৭	২৭	২৬	২৬	২৬	২৬	২৬	

নষ্টকোষ্ঠী।

	বৈশাখ	জ্যৈষ্ঠ	আষাঢ়	শ্রাবণ	ভাদ্র	আশ্বিন	কার্ত্তিক	অগ্রহায়ণ	পৌষ	মাঘ	ফাল্গুন	চৈত্র	পত্রাঙ্ক
	২৭।২১	২	৪	৪।১১	৬।২৫	৮	৮।১৪	১০	১০।১৪	৯।২৩	১০	১০	৩
	২	৩	৪	৮	১২	১১	১৩	১৭	২০	১৯	২২	২৬	
তি	১১	১১	১১	১১	১১	১২	১৩	১৩	১৩	১৪	১৪	১৩	
শুক্র	২৪	২৭	৩	৬	৯	১২	১৫	১৮	২০	২৩	২৬	১	
শনি	৪	৪	৪	৪	৪	৫	৫	৪	৪	৪	৪	৪	
রাহু	২৬	২৬	২৬	২৫	২৫	২৫	২৫	২৫	২৫	২৫	২৫	২৪	

	বৈশাখ	জ্যৈষ্ঠ	আষাঢ়	শ্রাবণ	ভাদ্র	আশ্বিন	কার্ত্তিক	অগ্র	পৌষ	মাঘ	ফাল্গুন	চৈত্র	
মঙ্গল	৮।১৪	১০	১০।২৪	১৩।১৫	১৫	১৫।১০	১৭।২২	২০	২২।১২	২৩।১৬	২৪।২৭	২৭।১৯	
বুধ	২	১	৫	৯	১১	১১	১৪	১৮	১৮	১৯	২৩	২৬	৪
বৃহস্পতি	১৩	১৩	১৩	১৩	১৪	১৪	১৪	১৫	১৫	১৫	১৫	১৫	
শুক্র	৪	৬	৮	৭	৭	৮	১১	১৩	১৬	১৯	২১	২৪	
শনি	৪	৫	৫	৫		৫	৫	৫	৫	৫	৫	৫	
রাহু	২৪	২৪	২৪	২৪		২৪	২৪	২৩	২৩	২৩	২৩	২৩	

	বৈশাখ	জ্যৈষ্ঠ	আষাঢ়	শ্রাবণ		আশ্বিন	কার্ত্তিক	অগ্র-	পৌষ	মাঘ	ফাল্গুন	চৈত্র	
মঙ্গল	২।৪	২।৪	৪।২৬	৬		১৯	১০	১০।১২	১৩	১৩	১৩	১৩	
বুধ	২৬	১	৬	৯			১৫	১৮	১৭	২০	২৪	২৬	৫
বৃহস্পতি	১৪	১৪	১৪	১৫	১[illegible]		১৬	১৬	১৭	১৮	১৮	১৮	
শুক্র	২৭	৩	৬	৯	১২		১৭	২০	২২	২৪	২৪	২৩	
শনি	৫	৫	৫	৬	৬		৬	৬	৬	৬	৬	৬	
রাহু	২৩	২৩	২৩	২২	২২		২২	২২	২২	২২	২২	২২	

	বৈশাখ	জ্যৈষ্ঠ	আষাঢ়	শ্রাবণ	ভাদ্র	আশ্বি	ক	অগ্র-	পৌষ	মাঘ	ফাল্গুন	চৈত্র	
মঙ্গল	১৩	১৩।২৬	১৩।২৬	১৫	১৫।১০	১৮।২৭	২[illegible]	২০।১৮	২২।১৮	২৪	২৭	২৭।১৯	
বুধ	২৬	২	৭	৯	৯	১২	১৪	৬	১৭	২১	২৪	২৪	৬
বৃহস্পতি	১৮	১৮	১৮ ব	১৭	১৭	১৮	১৮		১৯	১৯	২০	২০	
শুক্র	২৪	২৬	২	৫	৭	১০	১৩		১৯	২১	২৪	২৭	
শনি	৬	৬	৭	৭	৭	৭	৭	৭	৭	৭	৭	৭	
রাহু	২১	২১	২১	২১	২১	২১	২১	২১	২০	২০	২০	২০	

	বৈশাখ	জ্যৈষ্ঠ	আষাঢ়	শ্রাবণ	ভাদ্র	আশ্বিন	কার্ত্তিক	অগ্র-	পৌষ	মাঘ	ফাল্গুন	চৈত্র	
মঙ্গল	২।২৬	৪	৪।৪	৬।১২	৮।২৯	১০	১০।১৮	১৩	১৩।১১	১৫	১৫।১৮	১৮	৭
বুধ	২৬	৩	৫	৬	৯	১৩	১৫	১৫	১৮	২২	২৩	২৬	
বৃহস্পতি	২১	২১	২০	২০	২০	২০	২০	২০	২[illegible]	২২	২২	২৩	
শুক্র	৩	৬	৮	১১	১৩	১৩	১২	১৩	১[illegible]	১৮	২০	২৩	
শনি	৭	৭	৮	৮	৮	৮	৮	৮	৮	৮	৮	৮	
রাহু	২০	২০	২০	২০	১৯	১৯	১৯	১৯	[illegible]	১৯	১৯	১৯	

	বৈশাখ	জ্যৈষ্ঠ	আষাঢ়	শ্রাবণ	ভাদ্র	আশ্বিন	কার্ত্তিক	অগ্র-		মাঘ	ফাল্গুন	চৈত্র	
মঙ্গল	১৮	১৮	১৮	১৮	১৮।২১	২০	২০।১০	২২।২৩	[illegible]২২	২২।২১	২২।২০	২৪	
বুধ	১	৪	৫	৬	১০	১৪	১৩	১৫	[illegible]	২২	২১	২৪	৮
বৃহস্পতি	২৩	২৩	২৩	২৩	২৩	২২	২২	২২	৩	২৩	২৪	২৫	
শুক্র	২৬	২	৫	৭	১১	১৩	১৬	১৮	২১	২৪	২৬	২	
শনি	৮	৮	৮	৯	৯	৯	৯	৯	৯	৯	৯	৯	
রাহু	১৮	১৮	১৮	১৮	১৮	১৮	১৮	১৮	১৮	১৭	১৭	১৭	